



সত্যতার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নেই।
সহস্র শর্তে কৃষি ঋণ, বদলে যাবে নবাব দিন।



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

ফোন নং: ০২৪৭-৮৬০৫০৬; ই-মেইল: dgmpd@rakub.org.bd;
ওয়েবসাইট: www.rakub.org.bd



“মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অঙ্গশক্তি”

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০১/২০২১

তারিখ: ০৫.০৪.২০২১

বিষয়: ‘বাংলা নববর্ষ ভাতা’ প্রদান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগের ১৪.১০.২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে ‘বাংলা নববর্ষ ভাতা’ প্রবর্তন করা হয়। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৫(৪) উপ-অনুচ্ছেদে অর্থ মন্ত্রণালয়ের ১৪.১০.২০১৫ তারিখের উল্লিখিত প্রজ্ঞাপন অনুসরণ করে ‘বাংলা নববর্ষ ভাতা’ প্রদানের নির্দেশনা দেয়া হয়। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ কর্তৃক ১৯.০৪.২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০৬৬.১৬-৪০ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে ১০০% পেনশন সমর্পণকারীগণের জন্যও ‘বাংলা নববর্ষ ভাতা’ প্রবর্তন করা হয়।

০২। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগের ১৪.১০.২০১৫ ও ১৯.০৪.২০১৭ তারিখের প্রজ্ঞাপনের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত এ ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারীকে (মাসিক নীট পেনশন গ্রহণকারী, আজীবন পারিবারিক পেনশনভোগী এবং ১০০% পেনশন সমর্পণকারী কর্মকর্তা-কর্মচারীগণসহ) বাংলা নববর্ষ উদযাপনের লক্ষ্যে ‘বাংলা নববর্ষ ভাতা’ নিম্নবর্ণিত শর্তে প্রদেয় হবে :

(ক) প্রতি বছর বাংলা নববর্ষের সর্বোচ্চ ১০ (দশ) দিন পূর্বে মার্চ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে ‘বাংলা নববর্ষ ভাতা’ প্রদানযোগ্য হবে ;

(খ) এ ভাতা প্রদানের জন্য পৃথকভাবে ক্ষমতা প্রদানের প্রয়োজন হবে না। বেতন প্রদানকারী কর্তৃপক্ষ এ ভাতা প্রদান করবে;

(গ) বাংলা নববর্ষ ভাতা প্রদানের জন্য প্রতি বছর সার্কুলার লেটার জারি করা হবে না ;


(ঘ) বাংলা নববর্ষ ভাতা প্রদান বিষয়ে পরবর্তীতে কোন নির্দেশ না দেয়া পর্যন্ত এ সার্কুলার লেটার কার্যকর থাকবে ;

(ঙ) ব্যাংকের শাখাসমূহ A/C SL No 90400000151 বিকলন (ডেবিট) করে ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের এ ভাতা প্রদান করবে। বিতরণকৃত ভাতার অর্থ প্রধান কার্যালয়ের হিসাবে বিকলন (ডেবিট) করা যাবে না ;

(চ) মাসিক নীট পেনশন গ্রহণকারী ও আজীবন পারিবারিক পেনশনভোগী এবং ১০০% পেনশন সমর্পণকারী কর্মকর্তা-কর্মচারীগণকে A/C SL No 90200000364 বিকলন করে ‘বাংলা নববর্ষ ভাতা’ প্রদান করতে হবে।

০৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-


(রণজিৎ কুমার সেন)


উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-৭/২০২০-২০২১/ ৬৪৪৯ (৪৫৩)

তারিখ: ০৫.০৪.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্যদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
৯. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০. উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১. অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১২. ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫. অফিস নথি/ব্যক্তিগত নথি/মহানথি।


(শেখ মুকতারুজ্জামান)

সহকারী মহাব্যবস্থাপক